দর্শনা সরকারি কলেজে অভিভাবক সভা অনুষ্টিত

দর্শনা সরকারী কলেজে শিক্ষার সুস্থ্য পরিবেশ ফিরিয়ে আনতে এবং নিয়মিত সকল ক্লাস পরিচালনা করার লক্ষ্যে শিক্ষকদের সাথে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০টায় দর্শনা সরকারী কলেজের বিজ্ঞান ভবনের অডিটেরিয়াম হল রুমের ৬তলায় অভিভাবক সমাবেশে অনুষ্টিত হয়।

এ সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের নবাগত অধ্যক্ষ প্রফেসার মোঃ শফিকুল ইসলাম। ১ম ও দ্বিতীয় বর্ষের ছাত্র/ছাত্রীদের সাথে শিক্ষক ও কলেজ প্রসাশনের সুসম্পর্ক রাখতে এ অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়।

অভিভাবক সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দর্শনা সরকারী কলেজে শিক্ষার সুস্থ্য ব্যবস্থাপনা ও নির্মল পরিবেশে এখন থেকে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে। এজন্য একদিকে যেমন শিক্ষকদের সহযোগিতা চাই, তেমনী অভিভাবকদের সহযোগিতা পাবো বলে আমি আশাকরি। সেই সাথে সকল ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষক ও অভিভাবকসহ সকলের প্রচেষ্টা থাকতে হবে। আমি আমার দিক থেকে আপ্রাণ চেষ্টা করবো। কলেজ চলাকালিন সময় কোন ছাত্র/ছাত্রী ক্লাস না করে প্রাইভেট পড়তে পারবে না। কারণ আমার শিক্ষকরা নিয়োমিত ক্লাস নেবে। ফলে প্রাইভেট পড়ার প্রয়োজন হবে না বলে সকলের প্রতি আহবান জানান।

এসময় মঞ্চে উপস্থিত ছিলেন, বাংলা বিভাগের প্রভাষক আশরাফুল আলম, ইতিহাস বিভাগের প্রভাষক মোফিজুল ইসলাম, ইংরাজী বিভাগের প্রভাষক আনিছুর রহমান, ইসলাম শিক্ষা বিভাগের প্রভাষক মাহমুদুল হোসেন, হিসাব বিজ্ঞান বিভাগের প্রভাষক নজরুল ইসলাম। এছাড়া সকল বিভাগের প্রভাষকরা সমাবেশে উপস্থিত ছিলেন।

অভিভাবকদের পক্ষে বক্তব্য রাখেন দর্শনা পৌরসভার সাবেক কাউন্সিল সাবির হোসেন মিকা, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, দর্শনা আজিমপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বরুপ কুমার দাস, রেহেনা পারভীন বিলকিস ও শফিকুল আলমসহ প্রায় ৫০/৫৫ জন অভিভাবক উপস্থিত ছিলেন।

এসময় অভিভাবকদের পক্ষ থেকে বেশ কিছু প্রস্তাব আসে। এসব প্রস্তাবের মধ্যে প্রতি মাসে ক্লাস পরীক্ষা, ছাত্র/ছাত্রীদের নীতি নৈতিকতা সৃষ্টি করে একজন ভাল মানুষ হিসাবে গড়ে তোলা, শুধু ভাল ফলাফল করা ছাত্র/ছাত্রী তোলার পাশাপাশি মানুষ হিসাবে গড়ে তুলতে হবে। কলেজে মোবাইল ফোন না নিয়ে আসা, বর্ষ পরির্বতন পরীক্ষা ৩ ঘন্টা নেওয়ার ব্যবস্থা করা এবং কলেজ চলাকালিন সকল বর্ষের ছাত্রী/ ছাত্রীদের প্রাইভেট পড়া বন্ধ করা বিষয় উভয় পক্ষ বেশ কিছু মাতামত প্রদান করেন।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নের অভিভাবক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, মানসম্মত শিক্ষা নিশ্চিত করা ও ঝরেপড়া রোধকল্পে শিশুদের বিদ্যালয়ে আনন্দ মুখর পরিবেশ তৈরিতে এবং অনিয়মিত দূর করতে ইসলামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যায়নরত ২য় এবং ৩য় শ্রেণীর শিশুদের অভিভাবকদের নিয়ে অভিভাবক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২২ অক্টোবর) সকালের দিকে গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অভিভাবক সভার আয়োজন করেন।

ইসলামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মো: মিজারুল ইসলামের সভাপতিত্বে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, জন প্রতিনিধি, এস.এম.সি এবং ওয়াচ গ্রুপসহ অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় অভিভাবকদের বিশেষ করে মায়েদের দায়-দায়িত্ব ও করণীয় ,বাল্যবিবাহ প্রতিরোধে আলোচনা রাখেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা। এছাড়া বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে করণীয় সম্পর্কে এস.এম.সি সদস্যবৃন্দ এবং অভিভাবকগণ তাদের বক্তব্য এবং মতামত প্রদান করেন।

অনুষ্ঠানে বিভিন্ন পেশার মানুষ, অভিভাবক সহ ৫০জন উপস্থিত ছিলেন।